

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

নং- ৩৩.০২.০০০০.১২০.০২.০৩৯.২৫- ১০

তারিখ: ০৫/০১/২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: 'জাতীয় মৎস্য পদক ২০২৫'-এর মনোনয়ন প্রস্তাব আহবান প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর জাতীয় মৎস্য পদক প্রদান করা হয়ে থাকে। মৎস্য সম্পদ উন্নয়নে জাতীয় মৎস্য পদক প্রদান সরকার অনুমোদিত সর্বশেষ 'জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০১৯ (২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত সংশোধিত)' অনুসারে পরিচালিত হচ্ছে। 'জাতীয় মৎস্য পদক ২০২৫'-এর প্রার্থী মনোনয়ন প্রদানের ক্ষেত্রে পঞ্জিকা বর্ষ ২০২৪ খ্রিস্টাব্দ (জানুয়ারি-ডিসেম্বর) ভিত্তি বছর হিসেবে বিবেচ্য হবে।

উল্লেখ্য, প্রার্থীর জন্য প্রযোজ্য ও নির্ধারিত মনোনয়ন ফরমে প্রদত্ত তথ্যাদি যাচাই-বাছাই করে উপজেলা কমিটি কর্তৃক অনুমোদনপূর্বক জেলা কমিটিতে প্রেরণ করতে হবে। জেলা কমিটি সুপারিশসহ প্রার্থী মনোনয়ন তালিকা মৎস্য অধিদপ্তর বরাবর প্রেরণ নিশ্চিত করবেন। আরও উল্লেখ্য থাকে যে, নীতিমালায় উল্লিখিত উপজেলা/জেলা/পার্বত্য জেলার জন্য গঠিত কমিটিসমূহ প্রার্থী নির্বাচনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। কোন উপজেলা/জেলা/বিভাগ হতে যোগ্য প্রার্থী নেই মর্মে কোন পত্র গ্রহণযোগ্য হবে না। উল্লিখিত নীতিমালা এবং মনোনয়ন প্রস্তাব যথাযথভাবে পূরণ ও প্রেরণে প্রয়োজনীয় নির্দেশনাবলী এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। এছাড়াও এ সকল তথ্যাদি মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইট www.fisheries.gov.bd এ পাওয়া যাবে।

এমতাবস্থায়, 'জাতীয় মৎস্য পদক ২০২৫' এর প্রার্থী মনোনয়ন প্রস্তাবের হার্ডকপি ও সফটকপি (ইমেইল: cfeo@fisheries.gov.bd এবং iqbal.du.hossain@gmail.com) আগামী ০৫/০৩/২০২৫ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

১. জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০১৯ (২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত সংশোধিত)- ৩৩ (তেরিশ) পৃষ্ঠা;
২. মনোনয়ন প্রস্তাব যথাযথভাবে পূরণ ও প্রেরণে প্রয়োজনীয় নির্দেশনাবলী- ০৬ (ছয়) পৃষ্ঠা।


০৫/০১/২০২৫
(ড. মোঃ আবদুস রউফ)

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

ফোনঃ ০২-২২৩৩৮২৮৬১


ইমেইল: dg@fisheries.gov.bd

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ (এতদসঙ্গে সংযুক্ত নীতিমালার আলোকে প্রার্থী মনোনয়নের ০৯ টি ক্ষেত্রের জন্য নির্ধারিত আবেদন ফরম মোতাবেক অধিনস্থ জেলা মৎস্য কর্মকর্তাগণ কর্তৃক মনোনয়ন প্রস্তাব প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
২. জেলা মৎস্য কর্মকর্তা,..... ও সদস্য সচিব, জাতীয় মৎস্য পদক সম্পর্কিত জেলা কমিটি (অধিনস্থ সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণকে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থী মনোনয়নের নির্ধারিত আবেদন ফরম ও নীতিমালার আলোকে প্রস্তাব প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।



সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি ও সভাপতি জাতীয় মৎস্য পদক সম্পর্কিত জেলা কমিটি (পার্বত্য জেলা)।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৪. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. ডীন/ বিভাগীয় প্রধান/ চেয়ারম্যান, মাৎস্যবিজ্ঞান অনুষদ/ মৎস্যবিজ্ঞান বিভাগ/ মৎস্যবিজ্ঞান ও মেরিন সাইন্স/ মৎস্যবিজ্ঞান ও অ্যাকুয়াকালচার/ ওশেনোগ্রাফি বিভাগ/ ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজি ডিসিপ্লিন/ ফিশারিজ এন্ড মেরিন বায়োসাইন্স বিভাগ; বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়/ ঢাকা বিশ্ববিদ্যালয়/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়/ খুলনা বিশ্ববিদ্যালয়/ রাজশাহী বিশ্ববিদ্যালয়/ সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়/ হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ/ চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এ্যানিমেল সাইন্স বিশ্ববিদ্যালয়/ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়/ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়/ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/.....।
৬. জেলা প্রশাসক (সকল)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৯. সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)।
১১. দপ্তর নথি।



ডে. মোঃ আমিমুল এহসান

উপপরিচালক (মৎস্যচাষ)

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

ফোনঃ ০২-২২৩৩৮১৫৯২

ই-মেইল: ddaqua@fisheries.gov.bd

